



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০



ফোন: ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাইল: ০১৭১১-০০১৯০৮ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

প্রেস রিলিজ

**বঙ্গবন্ধুর আদর্শে ও মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে
সোনার বাংলা বিনির্মানে সকলকে এগিয়ে আসতে হবে**

-উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ মার্চ ২০২২ খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্যাপিত হয়েছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২। দিবসটি উপলক্ষে সকাল ১০:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের ছয় দফা বেদীতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে স্বাধীন বাংলাদেশের স্বৃপ্তি, মুক্তির মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে বিন্দু শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পুষ্পস্তবক অর্পণ শেষে এক প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় সকলকে মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জনিয়ে স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শ ও মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সোনার বাংলা বিনির্মানে সকলকে এগিয়ে আসার জন্য আহবান জানান। উপাচার্য মহোদয়ের শ্রদ্ধা নিবেদনের পর বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লেহ মুজিব হল, ২৪ টি বিভাগ, প্রেড ১১-১৬ ও প্রেড ১৭-২০ কল্যান পরিষদ, ববিতে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকার, ছাত্রলীগসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। এর আগে সকাল ১০টায় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলণ্সহ বিএনসিসি সদস্যদের গার্ড অব অন্তর গ্রহণ করেন উপাচার্য মহোদয়। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উপলক্ষে সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কৌর্তনখোলা অডিটোরিয়ামে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এবং ১৭ মার্চ ও ২৬ মার্চ উদ্যাপন কমিটির সদস্য-সচিব ড. মোঃ খোরশেদ আলম। রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সম্পত্তিলাভ আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এবং ১৭ মার্চ ও ২৬ মার্চ উদ্যাপন কমিটির সদস্য-সচিব ড. মোঃ আব্দুল কাইউম, সিভিকেটে শিক্ষক প্রতিনিধি ও বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আরিফ হোসেন, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাতেন চৌধুরী, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক সহকারী পরিচালক আবু হাসান, প্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি শাহজাদা খান ও প্রেড ১৭-২০ কল্যান পরিষদের সাধারণ সম্পাদক শফিকুর রহমান। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। আলোচনা শেষে স্বাধীনতার সুবর্ণজয়ত্ব উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ কর্তৃক প্রকাশিত জার্নাল “স্বাধীনতা সুবর্ণজয়ত্ব সংখ্যা ২০২১” এর মোড়ক উন্মোচন করেন উপাচার্য মহোদয়। এছাড়া দিবসটি উপলক্ষে দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া-মোনাজাত এবং বিশ্ববিদ্যালয়ের মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। এছাড়াও বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটি উদ্যোগে শিক্ষার্থীদের সংগঠনসমূহের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস